

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১২, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ সেপ্টেম্বর ২০১৫ খ্রিঃ

নং ৪৬.০০.০০০০.০৬৪.০৩১.০৭২.১৪/১৪৯৬—যেহেতু, আপনি জনাব মোঃ হারেজ আলী, বগুড়া জেলার শিবগঞ্জ পৌরসভায় কাউন্সিলর পদে নির্বাচিত হয়ে দায়িত্ব পালন করছেন; এবং

যেহেতু, গত ০৫-১২-২০১৪ খ্রিঃ তারিখে আপনি অসামাজিক কাজে লিপ্ত হওয়ার অপরাধে ভ্রাম্যমাণ আদালত কর্তৃক দণ্ডিত হয়েছেন; এবং

যেহেতু, ভ্রাম্যমাণ আদালত কর্তৃক দণ্ডিত হওয়ার বিষয়টি পৌরসভার স্বার্থ পরিপন্থি/প্রশাসনিক দৃষ্টিকোণ হতে সমীচীন না হওয়ায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০১০ এর ৩১(১) ধারা মোতাবেক পৌর মেয়রের পদ হতে সাময়িকভাবে বরখাস্ত যোগ্য; এবং

যেহেতু, বিষয়টি পৌরসভার স্বার্থ পরিপন্থি/প্রশাসনিক দৃষ্টিকোণ হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে; এবং

যেহেতু, এরূপ ভ্রাম্যমাণ আদালত কর্তৃক দণ্ডিত হওয়ার কারণে স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন, ২০১০ এর ধারা ৩১(১) বিধানমতে পৌরসভার কাউন্সিলরকে নিজ পদ হতে সাময়িকভাবে বরখাস্তের বিধান রয়েছে; এবং

যেহেতু, জনাব মোঃ হারেজ আলী, কাউন্সিলর, শিবগঞ্জ পৌরসভা, বগুড়া-কে সরকার সাময়িকভাবে বরখাস্তের সিদ্ধান্ত গ্রহণ করেছে;

( ৮৮৪৭ )

মূল্য : টাকা ৪.০০

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন, ২০১০ এর ধারা ৩১(১) বিধান মোতাবেক বগুড়া জেলার শিবগঞ্জ পৌরসভার কাউন্সিলর জনাব মোঃ হারেজ আলী-কে শিবগঞ্জ পৌরসভার কাউন্সিলরের পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ,কে,এম আনিছুল্লাহমান  
সহকারী সচিব।